


(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিলেট
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৭৬.২৩.৭০৬

তারিখ: ১১ ভাদ্র ১৪৩১
২৬ আগস্ট ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, সিলেট হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক-৪ শাখার ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১.৩৩০ নম্বর প্রজ্ঞাপনের আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে এবং তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা জেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না।


২৬/০৮/২০২৪

সুবর্ণা সরকার
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
সিলেট

০২৯৯৬৬৩২১৯০

dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৭৬.২৩.৭০৬

তারিখ: ১১ ভাদ্র ১৪৩১
২৬ আগস্ট ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট;
- ৩। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট;
- ৪। পুলিশ সুপার, সিলেট;
- ৫। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট;
- ৭। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (তঁাকে আবশ্যিকভাবে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ);
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। (তঁাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলার ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ) এবং
- ১০। অফিসার-ইনচার্জ (সকল), সিলেট।


২৬/০৮/২০২৪

সুবর্ণা সরকার
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
সিলেট